

## মেঘেরা

ভিন্সাভা শিম্বোরাসকা

আমাকে যথার্থ ত্বরিত হতে হবে  
মেঘেদের বর্ণনা দিতে গেলে—  
সেকেন্ডের একফালি সময়ই যথেষ্ট  
তাদের অন্য কিছু হয়ে যাওয়ার জন্য ।

তাদের ট্রেডমার্কই হলো :  
তারা কোনোভাবেই পুনরাবৃত্তি করে না  
আকার, রং, ভঙ্গি, আয়োজনের ।

সকল স্মৃতির ভারমুক্ত হয়ে,  
তারা সহজেই ভাসে ঘটনার উর্ধ্ব ।

দুনিয়ার কোন জিনিসেরই বা সাম্প্র্য হতে পারে তারা?  
তারা বিচ্ছিন্ন হয়ে যায় যখনই কিছু ঘটে ।

মেঘের সাথে তুলনা করলে  
জীবন এই জমিনে বিশ্রাম নেয়,  
যথার্থই স্থায়ী, প্রায় অমর ।

মেঘের পরে  
এমনকি পাথরকে ভাই মনে হয়,